

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০৮]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَصْلِ الْجِهَادِ

আরবী

وَعَن أَنَسٍ رضي الله عنه: أَنَّ فَتَى مِنْ أَسْلَمَ، قَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إِنِّي أُرِيدُ الغَزْوَ وَلَيْسَ مَعِيَ مَا أَتَجَهَّزُ بِهِ، قَالَ: «اِئْتِ فُلاناً فَإِنَّهُ قَدْ كَانَ تَجَهَّزَ فَمَرِضَ» فَأَتَاهُ، فَقَالَ: إِنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُقْرِبُّكَ السَّلاَمَ، ويَقُول: أَعْطِنِي الَّذِيْ تَجَهَّزْتَ بِهِ. قَالَ: يَا فُلاَنَةُ، أَعْطِيهِ الَّذِي كُنْتُ تَجَهَّزْتُ بِهِ، وَلاَ تَحْبِسِي مِنْهُ شَيْئاً فَيُبَارَكَ لَكِ فِيهِ. رواه مسلم تَحْبِسِي عَنْهُ شَيْئاً، فَوَاللهِ لاَ تَحْبِسِي مِنْهُ شَيْئاً فَيُبَارَكَ لَكِ فِيهِ. رواه مسلم

বাংলা

২৪/১৩১৬। আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, আসলাম গোত্রের এক যুবক এসে নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! আমি জিহাদ করতে চাচ্ছি; কিন্তু তার জন্য আমার কোন সাজ-সরঞ্জাম নেই।' তিনি বললেন, "তুমি অমুকের নিকট যাও। কারণ, সে (যুদ্ধের জন্য) সাজ-সরঞ্জাম প্রস্তুত করেছিল; কিন্তু (ভাগ্যক্রমে) সে অসুস্থ হয়ে পড়েছে।" সুতরাং সে তার কাছে এসে বলল, 'রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাকে সালাম পেশ করেছেন এবং বলেছেন যে, তুমি আমাকে ঐসব সাজ-সরঞ্জাম দিয়ে দাও, যা তুমি যুদ্ধের জন্য প্রস্তুত করেছিলে।' সে (স্বীয় স্ত্রীকে) বলল, 'হে অমুক! ওকে ঐ সমস্ত সরঞ্জাম দিয়ে দাও, যেগুলি আমি যুদ্ধের উদ্দেশ্যে প্রস্তুত করেছিলাম। আর ওর মধ্য হতে কোন কিছু রেখে নিও না (বরং সমস্ত দিয়ে দাও)। আল্লাহর শপথ! তুমি তার মধ্য হতে কোন জিনিস আটকে রাখলে, তোমার জন্য তাতে বরকত দেওয়া হবে না।' (মুসলিম)[1]

English

(234) Chapter: Obligation of Jihad

Anas (May Allah be pleased with him) reported:

A young man from the Aslam tribe said: "O Messenger of Allah! I would very much like to fight in the way of Allah but I do not have anything with which to equip myself for fighting." The Messenger of Allah () said, "Go to so-



and-so, for he had equipped himself (for fighting) but he fell ill." So, he (the young man) went to him and said: "The Messenger of Allah () sends you his greetings and says that you should hand over to me the equipment that you have procured." The man said to his wife: "Give him the equipment which I have collected for myself and do not withhold anything from him. By Allah! Allah won't bless something you withheld (in this respect)."

[Muslim].

Commentary: This Hadith also stresses the fact that if a person is unable to take part in Jihad due to illness, for example, he should then provide such material to a Mujahid which is helpful for him in Jihad. If he does so, he will be eligible to the same reward which is due on Jihad. This would also be a source of increase and growth in his possessions. On the basis of this argument it has been stated that one should always intend to expend his possession on something noble. He who does not get the opportunity to expend it on what he had intended should direct that material towards some other noble purpose.

ফুটনোট

[1] মুসলিম ১৮৯৪, আবূ দাউদ ২৫১০, আহমাদ ১২৭৪৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন